

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী- নীলক্ষেত) ঢাকা- ১২০৫
www.banbeis.gov.bd; email : info@banbeis.gov.bd



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.০৪.১৮২.১৯.২৬০২

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৮


বিষয় : ভূয়া চিঠি পত্রের মাধ্যমে প্রতারণার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-শিক্ষা মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর হিসেবে অত্যন্ত দক্ষতা ও সুনামের সাথে কাজ করে যাচ্ছে। গত ২৫.০২.২০১৯ তারিখ স্মারক নং ০০৯.০০৩.০০৬৯(৬) ২০১৯-সরকারী:০০.১(০২.১/০.০১.০০২) পত্রের প্রেক্ষিতে মোঃ মনতাজুর রহমান, প্রতিষ্ঠান সরকারীকরণ বিভাগ (দায়িত্ব), বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর নাম এবং ই-মেইল ব্যবহার করে ভূয়া পত্র তৈরি করে খুলনা বিভাগের গল্লামারী উপজেলার লায়ন্স স্কুল এ্যান্ড কলেজের প্রতিষ্ঠান প্রধান জনাব মোঃ গাউচ উদ্দিন সিকদার (ইন নম্বর-১১৭৩৯৮) পত্র প্রেরণ করা হয় এবং প্রতিষ্ঠানসমূহকে সরকারীকরণের লক্ষ্যে প্রাথমিক সিলেকশন প্রক্রিয়ার কথা বলে ১৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) বিকাশের মাধ্যমে ০১৮৫৭২৬৩৬৪৭ আগামী ০২.০৩.২০১৯ইং তারিখের মধ্যে টাকা পরিশোধ করতে বলা হয় এবং ই-মেইল: info.banbeis@gmail.com এ ট্রানজেকশন আইডি, প্রতিষ্ঠানের নাম প্রেরণ করতে বলা হয়। এটি সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। এই নামে কোন ব্যক্তি ও পদবী ব্যানবেইস এ নেই এবং ব্যানবেইস এ এ ধরনের কোন টাকা দাবী করা হয় না। কোন প্রতারণা চক্র অসং উদ্দেশ্যে ভূয়া পত্র তৈরীর মাধ্যমে এ কাজটি করছে মর্মে প্রতীয়মান হয়।

এ বিষয়ে মামলা/সাধারণ ডায়রী করে উক্ত প্রতারণা মহলের বিরুদ্ধে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে

ভারপ্রাপ্ত কর্মকর্তা
লালবাগ থানা, লালবাগ
ঢাকা।


(মোঃ ফসিউল্লাহ)
মহাপরিচালক
ব্যানবেইস
ফোনঃ ৯৬৬৫৪৫৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- (১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- (৪) উপপরিচালক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ/খুলনা/কুমিল্লা/বরিশাল অঞ্চল।
- (৫) জেলা শিক্ষা অফিসার (সকল)।
- (৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- (৭) প্রোগ্রামার, ব্যানবেইস, ঢাকা (আদেশটি জরুরি ভিত্তিতে ব্যানবেইস এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) প্রধান শিক্ষক/সুপার.....(সকল) উপজেলা.....জেলা.....।